

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
গবেষণা শাখা-৩

অফিস আদেশ

১২.০০.০০০০.০৬৩.১২.০৭৮.১৫-৬০৭

তারিখঃ ২৯.১২.২০১৬ খ্রি:।


কৃষি মন্ত্রণালয়ের ২৭/০৪/২০১৬ তারিখের ১২.০০.০০০০.০৬৩.১২.০৭৮.১৫-২১২ নং স্মারকে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর বোর্ড অব ম্যানেজমেন্টের জ্যেষ্ঠ বিজ্ঞানী কোটাভুক্ত মনোনীত প্রতিনিধি সদস্য ড. মো: মনজুরুল আলম-কে বিজেআরআই এর মহাপরিচালকের চলতি দায়িত্ব প্রদান করা হয়।

০২। উক্ত সদস্য পদটি শূণ্য হওয়ার পরিপ্রেক্ষিতে The Bangladesh Jute Research Institute (Amendment) Act, 1996 (১৯৯৬ সনের ৮ নং আইন) এর ৬ A (১) ধারার বিধান মোতাবেক জ্যেষ্ঠ বিজ্ঞানী কোটায় নিম্নবর্ণিত কর্মকর্তাকে কে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট-এর বোর্ড অব ম্যানেজমেন্টের সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হলো :

ক্রম	নাম, পদবী ও কর্মস্থল	সদস্য পদ
১.	ড. চন্দন কুমার সাহা, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রজনন বিভাগ, বিজেআরআই।	জ্যেষ্ঠ বিজ্ঞানী কোটাভুক্ত প্রতিনিধি

০৩। বোর্ড অব ম্যানেজমেন্টের মনোনীত সদস্যের মেয়াদ বোর্ড অব ম্যানেজমেন্ট-এ অন্তর্ভুক্তির তারিখ হ'তে ৩ (তিন) বছর পর্যন্ত বহাল থাকবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(হুমায়রা সুলতানা)
উপসচিব

ফোনঃ ৯৫৬৬৬৩৪


ই মেইল- research3503@gmail.com

১২.০০.০০০০.০৬৩.১২.০৭৮.১৫-৬০৭

তারিখঃ ২৯.১২.২০১৬ খ্রি:।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা।
২. ড. চন্দন কুমার সাহা, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রজনন বিভাগ, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট।
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা ল)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৫. অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৬. অফিস কপি।


(হুমায়রা সুলতানা)
উপসচিব
ফোনঃ ৯৫৬৬৬৩৪